


An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
MARCH 2025

BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৪
## মার্চ ২০২৫

## ASSOCIATION SAMBAD MARCH 2025

www.bengalassociation.com

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

## সম্পাদকের কলমে

'আজি এ বসন্ত দিনে বাসন্তী রঙ ছুঁয়েছে মনে; মনে পড়ে
তোমাকে ক্ষণে ক্ষণে চুপি চুপি নিঃশব্দে সঙ্গোপনে।'

প্রকৃতির ঋতু রঙ্গশালার পালাবদলে, 'ছয় ঋতু ফিরে ফিরে নৃত্য করে আসি'। পূর্ব ফাল্গুনী অথবা উত্তর ফাল্গুনী নক্ষত্রের অবস্থান বিচার করে, পূর্ণিমা তিথি পড়লেই, ফাল্গুন মাসের সূচনা হয়। রাঢ় বাংলা জুড়ে আগুন রাঙা পলাশ দূত হিসাবে উপস্থিত হয়ে, তার চোখ ধাঁধানো রূপে আকৃষ্ট করে, জানিয়ে দেয় বসন্ত জাগ্রত দ্বারে। রাঙা মাটিতে, এই পর্ণমোচী বৃক্ষে, লাল সাদা হলুদ রঙের বাহারে, মনে হয় প্রকৃতিতে কে যেন ছড়িয়ে দিল আবীর। মন হারানোর এই লগন ফিরে আসে কৃষ্ণচূড়া, দোপাটী আর শিমুলের ডাকে। মহুয়ার মাদকতায়, দুজোড়া সন্ধানী চোখ, ভাবনায় দোলা লাগা প্রজাপতি মন, অন্তরে লালিত বর্ণকে আরও বর্ণহীন করে তুলতে, ভালোবাসার মানুষের বর্ণে মিশিয়ে সুখ খুঁজে নেয়। ওদের আন্দোলিত প্রাণে ওঠে, খুশির তুফান। পরিযায়ী পাখিরাও প্রণয়ী খুঁজে, ভালোবাসার পৃথিবী গড়ে তুলতে আগ্রহী হয়।

মোগল সম্রাট আকবর যে ১৪টি উৎসবের প্রবর্তন করেন তার মধ্যে বসন্ত উৎসব ছিল অন্যতম একটা উৎসব। সমগ্র দেশ জুড়ে সামাজিক লোকাচার বা ধর্মের ছুঁতমার্গ ব্যাতিরেকে অনেকক্ষেত্রেই পালিত হয়, হোলি মিলন বা দোল উৎসব। যদিও বাঙালি জাতি মূলত মহাপ্রভু চৈতন্যদেবের স্মরণেই দোল উৎসবে মেতে উঠতে ভালোবাসেন। আমাদের পরমপ্রিয় রবিঠাকুর, এই বসন্ত ভাবনাকে প্রকৃতির সাথে একাত্ম হওয়ার আকুলতায়, নিজস্ব ছন্দে গেঁথে রচনা করেছেন 'ঋতুনাট্য'। যে নাটকটি তিনি উৎসর্গ করেছিলেন দুখু মিয়াঁ কাজী নজরুল ইসলামকে। বিশ্বভারতীর সঙ্গীত ভবনের কলাকুশলীরা, আজও কবিগুরু স্মরণে, বসন্ত ভাবনার এই আদিরূপকে আঁকড়ে ধরেই, বসন্ত উৎসব পালনে ব্রতী হন।

দোল উৎসব বা হোলি উৎসব, বাঙালির একান্ত প্রিয় বসন্ত উৎসব। দোলের দিনে রাঙা পথ চিনে ঘুচে যাক, মুছে যাক যত কিছু মন্দ, মনের দ্বন্দ্ব। বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের কার্যনির্বাহী সমিতির সকল সদস্যদের তরফ থেকে, জাতি ধর্ম নির্বিশেষে সকলকে জানাই, দোল উৎসবের অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা। আনন্দের ও ভালোবাসার রঙের ছোঁয়ায়, আপনারা সপরিবারে ভালো থাকবেন, সুস্থ থাকবেন ও আনন্দে থাকবেন।


BIVA
উদ্বোধন
anusha
শুধুমাত্র সুসাহিত্য
Only Quality Literature
Solo la literatura buena
উদয়ারুণ
The Cafe Table
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
দ্বাবিংশতিতম
দিল্লি
বইমেলা
এবং
সাহিত্য উৎসব
বঙ্গ সংস্কৃতি উৎসব
nbt.india
TIMELINE
PUBLICATION
ঘরে বাইরে
পাবলিকেশন
BARTA PRAKASHAN
অনুভূতি
প্রকাশন
প্রোগ্রেসিভ বুক স্টল
প্রকাশনী
আশাদীপ
সুমিত্রা প্রকাশনী
আ ন ন্দ
দে'জ পাবলিশিং
7605010760
দীপ প্রকাশন
ছাপাখানা
নয়া উদ্যোগ
২০৬ বিধান সরণী কলকাতা-৬
+91 6289425035
মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ
KHOAI
WESTLAND
BOOKS
অভিযান পাবলিশার্স
গুরুচণ্ডা৯
OM BOOK SHOP
where words create worlds
DAKSHABHARATI
33, College Row, Kolkata - 700 009
Ph. 033 2241 9834
দিগঙ্গন
সুবর্ণরেখা
আজকাল

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

নারী শব্দটি, শক্তির সঙ্গে জড়িত এবং প্রত্যেকটি নারীর মধ্যেই আছে অনন্ত শক্তির আধার। শুধুমাত্র একটি বিশেষ দিন, নারী জাতির অবদান স্মরণ করে উদযাপন করা সমীচীন নয়। তবুও সকলকে মনে করিয়ে দেওয়ার এই আশ্চর্যজনক রীতি মেনে, মুক্তকণ্ঠে বলতে চাই, তোমার ডানায় আগুন, দীর্ঘ হোক তোমার উড়ান। বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির পক্ষ থেকে, বিশ্বের প্রত্যেকটি নারীকে, আন্তর্জাতিক নারী দিবসের শুভেচ্ছা জানাই।

গত ৮ই মার্চ, এই বিশেষ দিনটিকে স্মরণ করে, আমরা মুক্তধারা প্রেক্ষাগৃহে, একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছিলাম। অনুষ্ঠানের শুভসূচনায়, বেঙ্গল অ্যাসোসিয়েশন কয়্যার, সারিবদ্ধ মিশ্রিত কণ্ঠস্বরে, ঐশ্বরিক ছন্দে নিবেদন করেছিলেন, 'পথে এবার নামো সাথী' শীর্ষক কিছু আলোড়নকারী গান। এরপর 'মনের কথা কই' শীর্ষক একটি বিশেষ অনুষ্ঠানে, ইতিহাসের আলোকে পাতা উল্টে আমরা সাক্ষী থেকেছিলাম, অতীত ও বর্তমানের কিছু আলোড়ন সৃষ্টিকারী গল্প কবিতা, যেখানে নারীর অনুভবে, প্রতিটি হৃদস্পন্দনে বিপ্লব, শান্ত বিরোধিতা এবং প্রতিরোধের কিছু মনের কথা উঠে এসেছিল। সমাপ্তি অনুষ্ঠানে, পরিবেশিত হয়েছিল রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত ছোটগল্প অবলম্বনে, নাটক 'স্ত্রীর পত্র'।




বিশেষ ভাবে উল্লেখ্য, 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে এই অনুষ্ঠানে আমরা বিশিষ্ট সাহিত্যিক, কবি, লেখক ও নারীবাদী ব্যক্তিত্ব তসলিমা নাসরিন ও বিশিষ্ট কত্থক নৃত্যশিল্পী, কোরিওগ্রাফার ও নৃত্যগুরু বিদূষী ভাস্বতী মিশ্রা-কে। বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির পক্ষ থেকে, বিশেষ সম্মানে সম্মানিত করে, স্মারক ও পুস্পস্তবক দিয়ে বরণ করে নিই।

আগামী ২৯শে মার্চ, বেঙ্গল অ্যাসোসিয়েশন, হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের সাথে যৌথ উদ্যোগে, মুক্তধারা অডিটোরিয়ামে, 'বাংলার গান বাংলার প্রাণ' শীর্ষক একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যায়, অপ্রচলিত কালজয়ী সঙ্গীতের আসরের আয়োজন করতে চলেছে। গানে গানে আমাদের আনন্দদানে উপস্থিত থাকবেন, কলকাতার জনপ্রিয় শিল্পী ঋদ্ধি বন্দোপাধ্যায়। এই অনুষ্ঠানে প্রবেশ অবাধ। রাজধানী ও সন্নিহিত অঞ্চলের সকল সঙ্গীতপ্রেমী ব্যক্তিদের সাদর আমন্ত্রণ রইল।

আগামী ১৩ই এপ্রিল, বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে, 'মুক্তধারা' প্রেক্ষাগৃহে, 'বিশ্ব নাট্য দিবস' উপলক্ষে সারাদিন ব্যাপী অনু নাটকের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই বিশেষ অনুষ্ঠানকে ঘিরে দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের প্রায় ২০টির অধিক নাট্যদল এই উদ্যোগে অংশ নিয়ে ওনাদের প্রযোজিত নাটক মঞ্চস্থ করবেন। বিস্তারিত বিবরণের জন্য আমাদের পরবর্তী বিজ্ঞপিতে চোখ রাখার অনুরোধ জানাই।

## 'বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা'-আয়োজনে বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি

কয়েকদশক ধরে, বহির্বঙ্গে, বর্তমান প্রজন্মের কাছে, মাতৃভাষার প্রতি আবেগ-ভালোবাসা গড়ে তুলে, বাংলা বইপড়া এবং কেনার অভ্যাসকে উজ্জীবিত রেখে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, আজও সুনামের সাথে 'বহির্বঙ্গের বৃহত্তম বাংলা বইমেলা' আয়োজকের মর্যদা ধরে রাখতে সচেষ্ট। আমাদের এইবারের বইমেলা অর্থাৎ চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা এবং ভারত লোকৎসব কমিটির চেয়ারম্যান এবং আহ্বায়ক পদে অভিষিক্ত হয়েছেন, শ্রী দেবাশিষ ভৌমিক এবং শ্রী মৃণাল কান্তি বিশ্বাস। এই দুজন অভিজ্ঞ কর্মোদ্যোগী ব্যক্তির তত্ত্বাবধানে, আগামী ২০-২৩শে মার্চ ২০২৫, আমাদের চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা, সাহিত্য উৎসব এবং লোকসংস্কৃতি উৎসব, আমরা দিল্লির ইন্ডিয়া গেটের সন্নিকটে, অন্ধ্র ও তেলেঙ্গানা ভবনের ঠিক বিপরীতে, ৫ নম্বর অশোকা রোডের সুবৃহৎ পরিসরে আয়োজন করতে চলেছি।


BOOK FAIR &
BHARAT LOKOTSAV
20TH-23RD MARCH, 2025
5 ASHOKA ROAD,
OPPOSITE-ANDHRA & TELENGANA BHAVAN
NEAR INDIA GATE, NEW DELHI 110001
BHARAT
Lokotsav
অনন্যা চক্রবর্তী
ও বন্ধুরা
WATCH OUT DELHI !
Ananya Chakraborty
ROCKS THE STAGE...
22nd MARCH 2025 • SATURDAY • 7:30 PM ONWARDS
DILLI BOI MELA & BHARAT LOKOTSAV • 5 ASHOKA ROAD, NEW DELHI

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, এবারের বইমেলায় আগ্রহী পাঠক ও ক্রেতাদের জন্য, কলকাতা থেকে আগত পঞ্চাশাধিক প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন থাকছে, ঠিক তেমনই গণ্যমান্য সাহিত্যিক এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিভাগের ব্যক্তিগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনাও নেওয়া হয়েছে। আপাতত যে সমস্ত গুণী ব্যক্তির উজ্জ্বল উপস্থিতি, আমাদের বইমেলার শোভাবর্ধন করবেন, তাঁদের মধ্যে সাহিত্যিক সুকান্ত গঙ্গোপাধ্যায়, আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক তপোধীর ভট্টাচার্য, কবি ও সাহিত্যিক সৈয়দ হাসমত জালাল, নাট্যকার ও চিত্রশিল্পী তড়িৎ মিত্র, প্রখ্যাত সিনে বিশেষজ্ঞ শান্তনু রায়চৌধুরী, এবং ভারত সরকারের মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত মন্ত্রকের, পশুপালন কমিশনার, ডঃ অভিজিৎ মিত্র আমাদের আহ্বানে সাড়া দিয়েছেন। এছাড়া আরও অনেক চমক আছে যা ক্রমশ প্রকাশ্য।

আমাদের এবারের বইমেলায়, মূলত গুরুত্ব দেওয়া হচ্ছে তরুণ প্রজন্ম এবং নবীন প্রজন্মকে। এদের কথা মাথায় রেখে বিভিন্ন আঙ্গিকের অনুষ্ঠানের আয়োজন সহ বুক ডিসকাশন সেশন, হবি সেশন এবং বিনামূল্যে বই কুপন উপহার দেওয়ার বিষয়ে আমরা সিদ্ধান্ত নিয়েছি। এছাড়া প্রতিদিন সন্ধ্যায়, জনপ্রিয় সঙ্গীত শিল্পীদের উপস্থিতিতে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে। বইমেলার শেষ দুই দিনে, দুই জনপ্রিয় সঙ্গীত শিল্পী যথাক্রমে অনন্যা চক্রবর্তী এবং সৌরভ মনি আমাদের সকলকে গানে গানে ভরিয়ে তুলবেন। বাঙালির রসনা তৃপ্তির জন্য থাকবে লোভনীয় সুস্বাদু নানাবিধ খাবারের স্টল এবং সাথে থাকছে, বাঙালির ঐতিহ্যবাহী শাড়ীর বিকিকিনি ও হস্তশিল্পের সম্ভার। বিশেষ আকর্ষণ হিসাবে থাকছে এক টুকরো সোনাঝুরির হাটের আমেজ।

তাই আপনাদের সকলকে অনুরোধ, ভবিষ্যৎ প্রজন্মের দিকে তাকিয়ে, নিজেদের দায়বদ্ধতা থেকে একটু খানি সময় বের করে, রাজধানীর বুকে, একটুকরো বাংলার গন্ধ খুঁজে নিতে, প্রাণের টানে এই বইমেলা উৎসবে অবশ্যই অংশগ্রহণ করুন। আপনাদের ব্যস্ততম দিনযাপনে, ডিজিটাল ক্যালেন্ডারের পাতায় আজই নোট করে রাখুন, এই মার্চ মাসের বিশেষ চারটে দিন। আপনারা আসুন, বই কিনুন, বই পড়ুন এবং নতুন প্রজন্মকে বই উপহার দিয়ে উৎসাহিত করে তুলুন। আমি নিশ্চিত প্রবাসের বুকে এই অজস্র বইয়ের গন্ধ, নতুন প্রজন্মকে বুকভরা তাজা বাতাসের ঝলক দেবেই। উৎসাহী বইপ্রেমীগণ আরও বিস্তারিত তথ্য জানতে, চোখ রাখতে পারেন, আমাদের ওয়েবসাইট এবং ফেসবুক পেজে।


BOOK FAIR &
BHARAT LOKOTSAV
20TH-23RD MARCH, 2025
5 ASHOKA ROAD,
OPPOSITE-ANDHRA & TELENGANA BHAVAN
NEAR INDIA GATE, NEW DELHI 110001
BHARAT
Lokotsav
সৌরভ মনি
ও বন্ধুরা
DELHI BE READY
TO GROOVE...
Saurav Moni
WILL SET THE STAGE ON FIRE!
23rd MARCH 2025 • SUNDAY • 7:30 PM ONWARDS
DILLI BOI MELA & BHARAT LOKOTSAV • 5 ASHOKA ROAD, NEW DELHI

## শোক সংবাদ

গত ১৫ই ফেব্রুয়ারি, বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির একজন কর্মনিষ্ঠ সহযোগী এবং আমাদের মুক্তধারা প্রেক্ষাগৃহের একজন সুনিপুন আলোক সম্পাত শিল্পী তারক সরকারের আকস্মিক প্রয়াণে আমরা শোকস্তব্ধ। দিল্লির সাংস্কৃতিক জগতে বিভিন্ন অনুষ্ঠানে ওনার অবদান অনস্বীকার্য। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা এবং ওনার পরিবারের প্রতি সমবেদনা রইল।

## আনন্দ সংবাদ

শ্রেয়সী ব্যানার্জী, দিল্লির বৃহৎ বাঙালি পরিবারের, একজন সুপরিচিত এবং মিষ্টভাষী গুণী মেয়ে। সম্প্রতি আমরা জানতে পেরেছি, শ্রেয়সী, ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটি, গান্ধীনগর থেকে, ফৌজদারি আইন ও ফৌজদারি বিচার প্রশাসন (Criminal Law & Criminal Justice Administration) পরীক্ষায়, ডিস্টিনশন সহ প্রথম শ্রেণীর ডিগ্রী অর্জন করতে সক্ষম হয়েছে। শ্রেয়সীর এই উল্লেখযোগ্য সাফল্যে, আমরা অত্যন্ত আনন্দিত এবং গর্বিত। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওর উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।

## বিশেষ সংবাদ

গত ১৬ই ফেব্রুয়ারী, মাতৃমন্দির লাইব্রেরী হলে বসেছিল ‘বঙ্গ সংস্কৃতির আসর’। অন্যান্য নিয়মিত বিষয়ের সঙ্গে এবারের বিশেষ বিষয় ছিল, ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ ও ‘বসন্ত’। সকলের গান, আবৃত্তি, স্বরচিত লেখা পাঠ ও আলোচনা উপস্থিত সকলকে ঋদ্ধ করে। এ মাসে ছিল ‘ভারতের নাইটেঙ্গেল’ সরোজিনী নাইডুর জন্মদিন। তাঁর সম্পর্কে একটি মনোজ্ঞ আলোচনা হয়। প্রকৃতির কবি জীবনানন্দ দাশের কবিতা ও তার সঙ্গীত রূপ পরিবেশিত হয়। ২১শে ফেব্রুয়ারীকে সামনে রেখে, ‘মাতৃভাষা উচ্চারিত হলে নিকোনো উঠোনে ঝরে রোদ’ এই কবিতাটি পাঠ করা হয়েছিল। কবি ইয়েটস্-এর কবিতার ভাবানুবাদ এবং পাঠ ছিল এবারের বিশেষ প্রাপ্তি। আসরে উপস্থিত থেকে আসরের ঔজ্জ্বল্য বাড়িয়ে তোলেন, প্রেস ক্লাব অফ ইন্ডিয়ার প্রেসিডেন্ট মাননীয় গৌতম লাহিড়ী মহাশয়। তাঁকে মন্দিরের পক্ষ থেকে পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানান মন্দিরের সাধারণ সম্পাদক শ্রী স্বপন চক্রবর্তী মহাশয়। শ্রী গৌতম লাহিড়ী ‘বাংলাদেশ ও ভাষাদিবস’ নিয়ে বক্তব্য রাখেন যা আসরের উচ্চতা বৃদ্ধি করে। ফাল্গুনের এই সন্ধ্যা মনোরম হয়ে ওঠে সকলের উপস্থিতিতে।

*With best Compliments*
*from*

**हमारी सांस्कृतिक धरोहर को परिचित कराने, सहेजने, मजबूत करने और विविधताओं को बढ़ावा देने में कार्यरत कलाकारों और संस्थानों के साथ मिलकर समाज सेवा के लिए तत्पर..**

PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL

PeSuEv

पेसुएव

**Ready to Serve the Society in Collaboration with Artists and Groups Working towards Introducing, Preserving, Strengthening and Promoting Diversity of Our Cultural Heritage.**

রাজধানী দিল্লির অন্যতম স্বেচ্ছাসেবী সংস্থা লে রিদম, মানবসেবার অঙ্গ হিসাবে, সারা দেশ জুড়ে, এখনও পর্যন্ত প্রায় বারোশোর অধিক প্রশিক্ষণার্থীকে আইটি পরিষেবা, ব্যাঙ্কিং এবং ফিনান্স, আতিথেয়তা, অ্যানিমেশন এবং গ্রাফিক্স, শিল্প ও সঙ্গীত, খুচরা বিক্রয় ইত্যাদি ক্ষেত্রে চাকরির সংস্থানের ব্যবস্থা করেছে। সম্প্রতি ওনারা, উত্তরাখণ্ডে হরিদ্বারে, এই মহৎ দায়িত্বের প্রতি আরও একধাপ এগিয়ে দিয়ে, প্রায় ১০০টিরও বেশি যুবককে, ব্যাঙ্কিং, ফিনান্স এবং আইটি পরিষেবার উপর প্রশিক্ষণ দিয়ে, তাদের স্থায়ী জীবিকা অর্জনে সহায়তা করবেন।

গত ৮ই মার্চ, বিকেল সাড়ে চারটেয়, কলকাতার যুগসাগ্নিক পত্রিকা পরিবার, রাজধানী দিল্লির আর কে পুরম সন্নিকট, দক্ষিণ দিল্লী কালীবাড়িতে, দিল্লি ও কলকাতার সাংস্কৃতিক মেলবন্ধন ঘটিয়ে তুলতে একটা সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছেন। একটি ফেসবুক পোস্ট থেকে জানতে পেরেছি, যুগসাগ্নিক পরিবার তাঁদের জন্মলগ্ন থেকে শুরু করে, ইতিমধ্যে কয়েকশত কবি, সাহিত্যিক, সম্পাদক, আবৃত্তিকার ও সমাজকর্মীকে পুরস্কৃত করেছেন। সেদিনের এই বিশেষ লগ্নে, ওনারা প্রখ্যাত লেখিকা ও মানবতাবাদী কর্মী শ্রীমতি তসলিমা নাসরিন এবং প্রখ্যাত চিকিৎসক ডাঃ পার্থসারথি মুখোপাধ্যায়কে 'সেরা বাঙালি ২০২৫' সম্মাননা প্রদান করেছেন।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের বিগত সাংস্কৃতিক সংবাদ

গত ১৫ এবং ১৬ই ফেব্রুয়ারী, সুরালাপ গ্লোবাল মিউজিক কনসার্ট এবং ইন্দিরাপুরমের প্রান্তিক কালচারাল সোসাইটির যৌথ উদ্যোগে, ফকির লালন শাহের জন্ম ও তিরোধান দিবস উদযাপন উপলক্ষ্যে, রাজধানী দিল্লি সংলগ্ন ইন্দিরাপুরমের স্বর্ণ জয়ন্তী পার্কে, লালন স্মরণোৎসব ও বাউল মিলন উৎসবের আয়োজন করেছিল। অনুষ্ঠানটিতে সাধু সংঘ, বাউল আখড়া, প্রভাত ফেরি, বাউল সন্ধ্যা, শ্রীবাস অঙ্গন, বাউল গুরু শিষ্য পরম্পরা কর্মশালার মতো বিভিন্ন কর্মকাণ্ডের অনন্য কিউরেশন রাখা হয়েছিল। পশ্চিমবঙ্গের কুড়িটিরও বেশি স্বনামধন্য শিল্পী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়া স্থানীয় প্রায় তিরিশ জন শিল্পী এবং গোষ্ঠী লালন গীতি গেয়েছেন যা লালন গীতি সম্পর্কে, সচেতনতার ক্ষেত্রে সবচেয়ে উল্লেখযোগ্য অর্জনকে চিহ্নিত করেছে। বিশিষ্ট অতিথি হিসাবে অন্যান্যদের সাথে উপস্থিত ছিলেন প্রখ্যাত লেখিকা তসলিমা নাসরিন।

গত ২২শে ফেব্রুয়ারি, চিত্তরঞ্জন পার্কে, দিল্লির সর্ববৃহৎ মহিলা সংগঠন সহচরী আয়োজিত 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালিত হয়েছে। এই অনুষ্ঠানের বিভিন্ন


BENGAL ASSOCIATION
NEW DELHI
আয়োজিত
বাংলার গান, বাংলার প্রাণ
ঋদ্ধি বন্দ্যোপাধ্যায়ের
নির্দেশনায়
নিবেদনে
ঋদ্ধি
পরম্পরা
মুক্তধারা অডিটোরিয়াম, দিল্লি
২৯ মার্চ ২০২৫, সন্ধে ৬. ৩০

পর্বে, ভাষা আন্দোলনের ইতিকথা, উনিশ শতকে বাংলা সাহিত্য অঙ্গনে মহিলা-সাহিত্যিকদের বিশেষ অবদানের কথা, বাংলা ভাষার ধ্রুপদী স্বীকৃতির গুরুত্বপূর্ণ, তথ্যসমৃদ্ধ বিবরণ সহ আলোচিত হয়েছে। এছাড়াও দিল্লির মিরান্ডা হাউস কলেজের বাংলা অনার্স বিভাগের দুজন শিক্ষার্থীর সংক্ষিপ্ত সাক্ষাৎকার এবং আগামী প্রজন্মের যারা বাংলা ভাষার নিয়মিত চর্চা করছেন, তাদের নিয়েও আলোচনা করা হয়েছিল। শ্রদ্ধেয় প্রতুল মুখোপাধ্যায়কে ওনার গান গেয়ে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করা হয়। 'কলমে সহচরী' পর্বে সহচরীদের সম্প্রতি প্রকাশিত বইয়ের পরিচিতি, অংশবিশেষ পাঠ, স্বরচিত কবিতা ও অণুগল্প-পাঠে মুগ্ধ মুহূর্তের সৃষ্টি হয়েছিল। এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন বিশিষ্ট সঙ্গীত সংস্থা সুরতীর্থ-এর শিল্পীরা। বাংলা ভাষা, যা প্রত্যেক বাঙালির আত্মপরিচয়ের প্রতীক, নানা আলোচনায়, স্বরচিত কবিতা, গল্পপাঠে, সঙ্গীত ও নৃত্য পরিবেশনায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সেই ভাষাকে সম্মান প্রদর্শন করার ক্ষুদ্র প্রয়াস করল সহচরীরা।

গত ২৮শে ফেব্রুয়ারী থেকে ১লা মার্চ, প্রেস ক্লাব অফ ইন্ডিয়া (পিসিআই), দিল্লির রাইসিনা রোডে অবস্থিত তাদের প্রাঙ্গণে, এই প্রথম দুইদিন ব্যাপী সাহিত্য উৎসব এবং বইমেলার আয়োজন করেছিল। সারাদিনব্যাপী চলা এই আয়োজনের মূল লক্ষ্য ছিল, ইংরেজি, হিন্দি, উর্দু, বাংলা এবং অন্যান্য ভারতীয় ভাষায় বই লিখেছেন, এমন সকল সদস্যদের একটি প্ল্যাটফর্ম প্রদান করা। প্রেস ক্লাবের সভাপতি গৌতম লাহিড়ী জানিয়েছেন, যেহেতু সাংবাদিকতা এবং বই লেখার মধ্যে অন্তর্নিহিত যোগসূত্র উদযাপনের ধারণা রয়েছে, তাই ক্লাবটি এমন সুপরিচিত সাংবাদিকদের লেখা বইয়ের জন্যও বিশেষ সুযোগের বন্দোবস্ত করেছিল। বইমেলার পাশাপাশি, লেখালেখি, মিডিয়া, সংবাদপত্রের স্বাধীনতা এবং সামাজিক সমস্যা সম্পর্কিত বিষয়গুলিতে, বিশিষ্ট সাংবাদিকদের নিয়ে চারটি প্যানেল আলোচনাও অনুষ্ঠিত হয়েছিল।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ১৬ই মার্চ, বিকেলে দিল্লির লে রিদম সংস্থা, দক্ষিণ দিল্লি কালীবাড়ি প্রাঙ্গণে বসন্ত বৈঠকি উদযাপন করতে চলেছে। বসন্তের ছন্দে প্রাণবন্ত গান, মনোমুগ্ধকর নৃত্য, হৃদয়গ্রাহী আবৃত্তি এবং নানা মনোগ্রাহী অনুষ্ঠানের সাক্ষী হতে, উদ্যোক্তাদের তরফ থেকে সকলকে আমন্ত্রণ জানানো হয়েছে।

আগামী ২২ ও ২৩শে মার্চ, শনিবার ও রবিবার সন্ধ্যায়, দক্ষিণ দিল্লি কালীবাড়ির উদ্যোগে, 'বাংলা সঙ্গীত মেলা'র আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান

অতিথির আসন অলংকৃত করবেন সংগীত নাটক একাডেমী পুরস্কারে সম্মানিত পদ্মশ্রী বিদুষী সুমিত্রা গুহ। বিশিষ্ট অতিথি হিসাবে থাকবেন দিল্লীর সাংস্কৃতিক জগতের অন্যতম ব্যক্তিত্ব ডক্টর অমিতাভ মুখোপাধ্যায়, প্রখ্যাত লেখিকা ও মানবতাবাদী কর্মী তসলিমা নাসরিন, এবং প্রসিদ্ধ তবলাবাদক পণ্ডিত আশীষ সেনগুপ্ত। দক্ষিণ দিল্লি কালীবাড়ি ও সন্নিহিত অঞ্চলের সঙ্গীত শিল্পীদের মিলিত অংশগ্রহণে, এই ভিন্নধর্মী সঙ্গীতানুষ্ঠানে সকলকে স্বাগত জানানো হয়েছে।

আগামী ৫ই এপ্রিল, ফরিদাবাদ কালীবাড়ি আয়োজিত বাসন্তী দুর্গোৎসব উপলক্ষ্যে দিল্লির উল্লেখযোগ্য সাংস্কৃতিক সংস্থা, 'ইচ্ছে বিতান' তাঁদের বহু প্রশংসিত কাব্যনাট্য (ড্যান্স ড্রামা), 'নক্সী কাঁথার মাঠ' পুন:মঞ্চস্থ করতে চলেছেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য, পল্লীকবি জসীম উদ্দীনের কালজয়ী সৃষ্টি, 'নক্সী কাঁথার মাঠ', প্রকৃতি আর মানব মুক্তির অবাধ স্ফুরণ, বাংলা সাহিত্যের এক অনবদ্য আখ্যানকাব্য। সকল সংস্কৃতিপ্রেমী ব্যক্তিদের উক্তদিনে সন্ধ্যায়, ফরিদাবাদ কালীবাড়ি সেক্টর ১৬ ফরিদাবাদ স্বাগত জানিয়েছেন উদ্যোক্তাগণ।

আগামী ১২ই এপ্রিল, দিল্লির গানের তরী সংস্থা তাঁদের মিউজিক্যাল জার্নির এগারো বছর পূর্তি উপলক্ষ্যে, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের সাথে যৌথ উদ্যোগে, 'সে যে মনের মানুষ' শীর্ষক একটি চমৎকার সঙ্গীত সন্ধ্যার আয়োজন করেছে। চিত্তরঞ্জন পার্কের বিপিন চন্দ্র পাল অডিটোরিয়ামে, গানের তরীর সদস্যরা এবং




কলকাতার দুইজন সুপরিচিত শিল্পী, যথাক্রমে, সন্দেহাতীত বাগ্মী মৌনিতা চ্যাটার্জী মুখার্জী এবং রবীন্দ্রসংগীতের চিত্তাকর্ষক প্রবক্তা শিরিন সোরাইয়া, অংশগ্রহণ করবেন। এই সুন্দর স্বর্ণালী সন্ধ্যায় সকল সঙ্গীতপ্রেমী ব্যক্তি স্বাগত।

## একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।



অঙ্কুর ankur

BENGAL ASSOCIATION বেঙ্গল অ্যাসোসিয়েশন NEW DELHI



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।

স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR **'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm Accepted Here

Paytm से UPI

UPI & Wallet | Paytm Postpaid | UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**




Editor and Publisher Shri Prodip Ganguly
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487